# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১৪০. শরীয়ত বাস্তবায়নে কঠোরতা অবলম্বন করা কিংবা এমনভাবে কোন গুনাহ্গার ব্যক্তিকে আল্লাহ্ তা'আলার আযাব ও জাহান্নামের ভয় দেখানো যাতে করে সে আল্লাহ্ তা'আলার রহমত থেকে একেবারেই নিরাশ হয়ে যায়

আবু মূসা (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: নবী (সা.) একদা আমাকে ও মু'আয (রা.) কে ইয়েমেনের দিকে পাঠিয়ে বলেন:

يَسِّرَا وَلاَ تُعَسِّرَا ، وَبَشِّرَا وَلاَ تُنَفِّرَا ، وَتَطَاوَعَا وَلاَ تَخْتَلِفَا

"তোমরা মানুষের মাঝে শরীয়ত বাস্তবায়নে সহজতা অবলম্বন করবে ; কঠোরতা নয়। পাপীদেরকে ভয় মিশ্রিত আশার বাণী শুনাবে ; নিরাশার বাণী নয়। একে অপরকে মেনে চলবে ; দ্বন্দ্ব করবে না"।[1]

আব্দুল্লাহ্ বিন্ মাস্'ঊদ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

هَلَكَ الْـمُتَنَطِّعُوْنَ ثَلاَثًا

"ধ্বংস হোক কট্টরপন্থীরা। রাসূল (সা.) উক্ত কথাটি তিন বার বলেছেন"।[2]

>

## ফুটনোট

[1] (বুখারী, হাদীস ৩০৩৮ মুসলিম, হাদীস ১৭৩৩)

[2] (মুসলিম, হাদীস ২৬৭০)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11390

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন